গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোহনগঞ্জ, নেত্রকোণা

## উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির এপ্রিল/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব ছাব্বির আহমেদ আকুঞ্জি, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা । |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, মোহনগঞ্জ নেত্রকোণা । |
| সভার তারিখ ও সময় | ঃ | ২৫ এপ্রিল ২০২২ খ্রিঃ, বেলা ১১.০০ টা |

সভার প্রারম্ভে উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। বিস্তারিত পর্যালোচনার পর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

উপজেলার বর্তমান আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোচনাকালে অফিসার ইনচার্জ, মোহনগঞ্জ থানা জানান যে, উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি ভাল। এ মাসে কোন বড় ধরনের অপরাধ সংঘঠিত হয়নি। আসন্ন ঈদুল ফিতর যাতে সুষ্ঠুভাবে উদযাপন করা যায় সে জন্য সকলের সহযোগিতা কামনা করেন। মাদকের বিরুদ্ধে অভিযান অব্যাহত আছে। সকলে সার্বিক সহযোগিতা করলে মোহনগঞ্জ জুয়া মুক্ত ও মাদক মুক্ত হবে। তিনি মোহনগঞ্জ পৌর এলাকায় চুরি নিয়ন্ত্রণের জন্য লাইটিং ব্যবস্থা জোরদার ও বাজারের গুরুত্বপূর্ণ এলাকায় সিসি ক্যামেরা স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জনান। তিনি সভায় মোহনগঞ্জ উপজেলার এপ্রিল/২০২২ এর নিম্নরুপ অপরাধচিত্র উপস্থাপন করেন।

### এপ্রিল/২০২২ মাসের অপরাধ চিত্র

| থানার নাম | উচ্চ আদালত থেকে প্রাপ্ত | মারামারি | চুরি | গরু চুরি | ধর্ষণ | চোরা চালান | মাদক দ্রব্য | নারী শিশু নির্যাতন | হত্যা | এসিড নিক্ষেপ | দ্রুত বিচার | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মোহনগঞ্জ থানা | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ | ০৬ | ০ | ০ | ০ | ০৮ | ১৫ |

সভায় সভাপতি উপজেলার আইন-শৃংখলা বিষয়ে মতামত দেওয়ার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানান।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | সভায় অফিসার ইন চার্জ, মোহনগঞ্জ থানা বলেন, মোহনগঞ্জ উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি ভাল। মোহনগঞ্জ বাজারের যানজট নিরসনে জন্য শহরে লরি গাড়ি বন্ধ করা, অটো রিক্সাকে লাল-সবুজ রং করে দেয়ার বিষয়ে (একদিন লাল গাড়ি ও একদিন সবুজ গাড়ি রাস্তায় চলবে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | মোহনগঞ্জ বাজারে প্রয়োজনীয় সংখ্যক ট্রাফিক পুলিশ নিয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, মোহনগঞ্জ থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ মোহনগঞ্জ থানা |
| ০২ | জনাব মাসুম আহমেদ, সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, বলেন মোহনগঞ্জ উপজেলায় চুরি বৃদ্ধি পেয়েছে। মোহনগঞ্জ হাসপাতালের শীতবস্ত্র ক্রয়সহ বিভিন্ন অনিয়মের বিষয়ে তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | মোহনগঞ্জ হাসপাতালের শীতবস্ত্র ক্রয়সহ বিভিন্ন অনিয়মের অভিযোগের বিষয়ে তদন্তক্রমে প্রতিবেদন দেয়ার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ০৩ | সভায় চেয়ারম্যান, ১নং বড়কাশিয়া-বিরামপুর ইউপি বলেন, মোহনগঞ্জ উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি ভাল। তবে শিবির বাজার ও রেল লাইন বাজার এলাকায় আইপিএল ও বিপিএল খেলাসহ অন্যান্য খেলাকে কেন্দ্র করে জুয়া খেলা হয়। ঈদের মার্কেটে ইভটিজিং ও ছিনতাইকারীর সংখ্যা বৃদ্ধি পায়। খাদ্যগুদাম থেকে সরবরাহকৃত চালের বস্তায় ওজন কম পাওয়া যায়। মিল থেকে সরবরাহকৃত বস্তায় চাল কম থাকে না খাদ্য গুদামে চাল চুরি হয় বিষয়টি খতিয়ে দেখার অনুরোধ করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার(ভূমি), মোহনগঞ্জ ও অফিসার ইনচার্জ মোহনগঞ্জ থানা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | সহকারী কমিশনার (ভূমি), মোহনগঞ্জ, অফিসার ইনচার্জ মোহনগঞ্জ থানা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মোহনগঞ্জ। |
| ০৪ | সভায় চেয়ারম্যান, ৭ নং গাগলাজুর ইউপি বলেন, গত শনিবার রাত আনুমানিক ৮.৩০ ঘটিকায় সেলিম খান ও ওয়ার্ড যুবলীগের সভাপতির মধ্যে সীমানা সংক্রান্ত বিষয়ে মারামারি হয়। এ বিষয়ে মামলা হয়েছে। বিষয়টি তদন্তপূর্বক আসামীকে গ্রেফতার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ মোহনগঞ্জ থানাকে অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, মোহনগঞ্জ থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ মোহনগঞ্জ থানা |
| ০৫ | সভায় সহকারী কমিশনার (ভূমি), মোহনগঞ্জ বলেন, মাঘান বাজার, মানশ্রী বাজার, বার্তাকোনা বাজার ও বিজ্ঞান বাজারের অবৈধ স্থাপনা উচ্ছেদের ব্যবস্থা করা হবে। রমজান মাসে যাতে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য বৃদ্ধি না পায় সে জন্য এবং স্টেশনে টিকিটের কালোবাজারি বন্ধে মোবাইল কোর্ট অব্যাহত থাকবে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার(ভূমি), মোহনগঞ্জ ও অফিসার ইনচার্জ, মোহনগঞ্জ থানাকে অনুরোধ করা হয়। | সহকারী কমিশনার(ভূমি), মোহনগঞ্জ ও অফিসার ইনচার্জ মোহনগঞ্জ থানা |
| ০৬ | সভায় স্টেশন মাস্টার, মোহনগঞ্জ রেল স্টেশন জানান, ঈদ উপলক্ষে স্টেশনে টিকিটের চাহিদা বৃদ্ধি পায়। ফলে টিকিট কালোবাজারী ও এটেনডেন্ট কর্তৃক যাত্রী হয়রানি বৃদ্ধি পায়। তিনি উল্লিখিত সমস্যা সমাধানে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার(ভূমি), মোহনগঞ্জ ও অফিসার ইনচার্জ, মোহনগঞ্জ থানাকে অনুরোধ করা হয়। | সহকারী কমিশনার(ভূমি), মোহনগঞ্জ ও অফিসার ইনচার্জ মোহনগঞ্জ থানা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৭ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ আসন্ন ঈদুল ফিতরের আগাম শুভেচ্ছা জানান। তিনি নবযোগদানকারী স্টেশন মাস্টার, মোহনগঞ্জ রেল স্টেশন জনাব মোঃ আতাউর রহমানকে উপজেলা পরিষদের পক্ষ থকে স্বাগত জানান। তিনি বলেন আগামী ঈদুল ফিতর উপলক্ষে মোহনগঞ্জ বাজারে জনগণের কেনাকাটার সুবিধার্থে বাজারের ভিতরে সকল প্রকার যানবাহন চলাচল বন্ধ করার অনুরোধ করেন। তিনি আরো বলেন, মোহনগঞ্জ হাসপাতালে শীতবস্ত্র(কম্বল) ক্রয়ের অনিয়ম বিষয়ে জাতীয় পত্রিকায় প্রকাশিত সংবাদের বিষয় সভাকে অবহিত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে শীতবস্ত্র(কম্বল) ক্রয়ের অনিয়মের বিষয়ে তদন্তক্রমে জরুরিভিত্তিতে প্রতিবেদন দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, মোহনগঞ্জ থানা ও উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ মোহনগঞ্জ থানা ও উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা। |

সভায় সভাপতি জনাব ছাব্বির আহমেদ আকুঞ্জি আসন্ন ঈদুল ফিতরের আগাম শুভেচ্ছা জানান। তিনি শহরে যানজট নিরসনের লক্ষ্যে সকাল ৮টা হতে রাত্র ৯টা পর্যন্ত ট্রাক, লরীসহ কোন মালবাহী গাড়ী প্রবেশ করা বা মালামাল লোড-আনলোড না করার অনুরোধ করেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভা করা হবে বলেও তিনি জানান। মোহনগঞ্জ বাজারের যানজট নিরসন, পলিথিন ব্যবহার বন্ধ, অবৈধভাবে খাস জমি/খাল দখলকার এবং রেল স্টেশনে রেল আইনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করে প্রতি মাসের সভার পূর্বে প্রতিবেদন দেয়ার জন্য সহকারী কমিশনার(ভূমি), মোহনগঞ্জ ও অফিসার ইন চার্জ, মোহনগঞ্জকে অনুরোধ করেন। ১২ বছরের উর্দ্ধে সকল জনসাধারণকে টিকা কেন্দ্রে বা হাসপাতালে গিয়ে টিকা গ্রহণের অনুরোধ করেন।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/০৪/২২

(ছাব্বির আহমেদ আকুঞ্জি)
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা কমিটি ও
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা

নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০২.০০৯.১৬-৬৯০ (৩০)

তারিখ ঃ- ২৫.০৪.২০২২ খ্রিঃ।

অনুলিপি প্রেরণ করা হলো ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৬০-নেত্রকোণা-৪ নির্বাচনী এলাকা। সদয় জ্ঞাতার্থে।
২। জেলা প্রশাসক, নেত্রকোণা। সদয় জ্ঞাতার্থে।
৩। পুলিশ সুপার, নেত্রকোণা। সদয় জ্ঞাতার্থে।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা। সদয় জ্ঞাতার্থে।
৫। মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ, নেত্রকোণা। জ্ঞাতার্থে ও কার্যার্থে।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা। জ্ঞাতার্থে।
৭। সহকারী কমিশনার(ভূমি), মোহনগঞ্জ, নেত্রকোণা।
৮। অফিসার ইনচার্জ, মোহনগঞ্জ থানা, মোহনগঞ্জ, নেত্রকোণা।
৯। উপজেলা.......................................অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা। জ্ঞাতার্থে ও কার্যার্থে।
১০। চেয়ারম্যান,....................................ইউনিয়ন পরিষদ(সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা। জ্ঞাতার্থে ও কার্যার্থে।
১১। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড, মোহনগঞ্জ, নেত্রকোণা। জ্ঞাতার্থে ও কার্যার্থে।
১২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,..............................., মোহনগঞ্জ, নেত্রকোণা। জ্ঞাতার্থে ও কার্যার্থে।
১৩। সভাপতি/সম্পাদক......................................... মোহনগঞ্জ, নেত্রকোণা। জ্ঞাতার্থে ও কার্যার্থে।
১৪। জনাব..............................................., মোহনগঞ্জ, নেত্রকোণা। জ্ঞাতার্থে ও কার্যার্থে।
১৫। অফিস কপি।

২৫/০৪/২২

উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা।

CamScanner